

মূল শব্দাবলীঃ
রমযান
প্রস্তুতি
পরিবর্তন



Majlis Ugama Islam Singapura

Friday Sermon

13 February 2026 / 25 Syaaban 1447H

রমযান মাসের আগমন- এর প্রস্তুতি গ্রহণের প্রয়োজনীয়তা

أَحْمَدُ لِلَّهِ الَّذِي هَدَانَا لِهَذَا وَمَا كُنَّا لِنَهْتَدِيَ لَوْلَا أَنْ هَدَانَا اللَّهُ. أَشْهَدُ أَنْ
لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ، وَأَشْهَدُ أَنَّ سَيِّدَنَا مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ.
اللَّهُمَّ صَلِّ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ، وَعَلَى آلِهِ وَأَصْحَابِهِ أَجْمَعِينَ. أَمَا بَعْدُ، فَيَا
عِبَادَ اللَّهِ، اتَّقُوا اللَّهَ. أَوْصِي نَفْسِي وَإِيَّاكُمْ بِتَقْوَى اللَّهِ عَزَّ وَجَلَّ، فَقَدْ فَازَ
الْمُتَّقُونَ.

যুমরাতুল মুমিনিন রাহিমাকুমুল্লাহ,

আসুন, আমরা আল্লাহ সুবহানাহু ওয়া তাআলার প্রতি আমাদের তাকওয়া বৃদ্ধি করি—তঁর সকল আদেশ পালন করে এবং তঁর সকল নিষেধ থেকে বিরত থেকে। আগামীকাল আমাদের জন্য নিশ্চিত—এই ভ্রান্ত ধারণায় প্রতারিত না হই। কারণ এ জীবনে একমাত্র নিশ্চিত বিষয় হলো মৃত্যু।

সম্মানিত মুসল্লিগণ,

রমযান মাস দ্রুত আমাদের দ্বারপ্রান্তে উপস্থিত হচ্ছে। হতে পারে এটাই আমাদের জীবনের শেষ রমযান। তাই আসুন, আমরা এই মহামূল্যবান সুযোগটি নষ্ট না করি। খাঁটি নিয়তকে সামনে রেখে আত্মিক ও

শারীরিক প্রস্তুতির মাধ্যমে রমযানকে স্বাগত জানাই। আজকের খুতবার বিষয়বস্তু হলো: রমযানের আগমনকে স্বাগত জানাতে আমরা কতটুকু প্রস্তুত?

মুসলমান হিসেবে আমাদের সর্বদা নিজেদের প্রস্তুত রাখার কথা স্মরণ করিয়ে দেওয়া হয়। আল্লাহ সুবহানাহু ওয়া তাআলা সূরা আল-হাশর-এর ১৮ নম্বর আয়াতে বলেন:

يَا أَيُّهَا الَّذِينَ ءَامَنُوا اتَّقُوا اللَّهَ وَلْتَنْظُرْ نَفْسٌ مَّا قَدَّمَتْ لِغَدٍ وَاتَّقُوا اللَّهَ
إِنَّ اللَّهَ خَبِيرٌ بِمَا تَعْمَلُونَ ﴿١٨﴾

অর্থঃ "হে মুমিনগণ! তোমরা যারা বিশ্বাসী তারা আল্লাহকে ভয় করা প্রত্যেকেরই নিজের দিকে তাকিয়ে দেখা উচিত আগামীকালের (পরকালের) জন্য কি ন্যস্ত আছে? তোমরা আল্লাহকে ভয় করা নিশ্চয়ই তোমরা যা কর, আল্লাহ সে সম্পর্কে সম্যক অবগত।"

প্রিয় ভাইয়েরা,

রমযানের প্রস্তুতি নেওয়ার জন্য আমরা কি ইতিমধ্যেই দেরি করে ফেলেছি? রমযান আসার আগে আমরা কীভাবে নিজেদের এখনো প্রস্তুত করতে পারি? আজকের খুতবায় আমরা চিন্তা-ভাবনার জন্য দুটি গুরুত্বপূর্ণ বিষয় তুলে ধরছি।

প্রথমত: কালক্ষেপণ না করা

আমরা প্রায়ই আরো বেশী ইবাদত করা এবং খারাপ অভ্যাস ত্যাগ করার জন্য রমযানের অপেক্ষা করে থাকি। কিন্তু আমাদের আর বিলম্ব করা উচিত নয়। যদি রমযানের সাথে সাক্ষাতের আগেই মৃত্যু এসে যায়, তবে “রমযানের জন্য অপেক্ষা করছিলাম” — এই অজুহাত কি আল্লাহর সামনে দাঁড়ানোর সময়

আমাদের কোনো উপকারে আসবে? নিশ্চয়ই অনিশ্চিত আগামীর আশায় তাওবা ও আত্মশুদ্ধি বিলম্বিত করা আমাদের জন্য সমীচীন হবে না।

অতএব, আসুন আমরা এই মুহূর্ত থেকেই শুরু করি। আমাদের নামাজকে আরও উন্নত করি। আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলার সঙ্গে আমাদের সম্পর্ককে দৃঢ় করি। কুরআন তিলাওয়াত ও তার অর্থের উপর গভীরভাবে চিন্তা করার জন্য সময় বের করি। খারাপ অভ্যাস ও অসৎ চরিত্র পরিত্যাগ করার জন্য আন্তরিকভাবে চেষ্টা করি।

ভাইয়েরা, রমযানের প্রস্তুতি নতুন চাঁদ দেখার মাধ্যমে শুরু হয় না। এটি শুরু হয় আজ আমরা নিজেদের মধ্যে আজকে যে পরিবর্তনগুলো নিয়ে আসছি সেগুলোর মাধ্যমেই।

মনে রাখবেন, রমযান কেবল ইবাদতের একটি মাস নয়। এটি আমাদের সারা জীবনের জন্য আত্মিক ও নৈতিক প্রশিক্ষণের এক মহামূল্যবান সময়। আমাদের লক্ষ্য হওয়া উচিত নিজেদের মধ্যে স্থায়ী পরিবর্তন নিয়ে আসা, তা কেবল সাময়িক আবেগ বা অনুপ্রেরণা জাগ্রত করা নয়।

দ্বিতীয়ত: সুস্পষ্ট পরিকল্পনা ও লক্ষ্য নির্ধারণ করুন

সুস্পষ্ট লক্ষ্য স্থির করুন এবং বিচক্ষণতার সঙ্গে পরিকল্পনা করুন। রমযান সীমিত সময়ের মাস, আর এর প্রতিটি মুহূর্ত অত্যন্ত মূল্যবান। আসুন, আমরা নিজেদেরকে এখনই প্রশ্ন করি: আমরা কি আমাদের কথাবার্তায় আরও সচেতন হতে চাই না? কষ্ট ও স্বাচ্ছন্দ্য—উভয় অবস্থায়ই কি আমরা আমাদের নফস ও প্রবৃত্তিকে আরও ভালোভাবে নিয়ন্ত্রণ করতে চাই না?

এই বরকতময় মাসে আমাদের আত্মিক লক্ষ্য কী? আমরা কি মসজিদে বা পরিবারের সঙ্গে জামাতে নামাজ আদায় আরও বেশি করে করতে চাই? আমরা কি কুরআন খতম করার নিয়ত করেছি? আমরা কি কিয়ামুল লাইল আদায়ের ইচ্ছা রাখি? সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হলো—কীভাবে আমরা এসব লক্ষ্য অর্জন করব?

একই সঙ্গে চিন্তা করুন, কীভাবে ইবাদতের সঙ্গে আমাদের দৈনন্দিন দায়িত্বগুলি পালন যেমন পরিবারের প্রতি দায়িত্ব, কর্মক্ষেত্রের কাজ এবং পড়াশোনায় উৎকর্ষ সাধন ইত্যাদি কাজগুলির ভারসাম্য রক্ষা করা যায়। সুস্পষ্ট পরিকল্পনা আমাদের রমযানজুড়ে একাগ্র, ধারাবাহিক এবং অবিচল থাকতে সাহায্য করবে।

আমার প্রিয় ভাইয়েরা,

রমযান হলো বরকত ও ক্ষমার মাস। এই মাসে রহমতের দরজাগুলো প্রশস্তভাবে উন্মুক্ত থাকে, আর যারা আন্তরিকভাবে তাওবা করে, তাদের গুনাহসমূহ ক্ষমা করা হয়। যথাযথ পরিকল্পনা ও প্রকৃত পরিবর্তন ছাড়া যদি আমরা এই মহামূল্যবান সুযোগটি হাতছাড়া করি, তবে তা হবে আমাদের জন্য এক বিরাট ক্ষতিকর ব্যাপার।

অতএব, আসুন আমরা আন্তরিক প্রচেষ্টার মাধ্যমে নিজেদের প্রস্তুত করি, যেন এই রমযান আমাদের জীবনের সর্বোত্তম রমযান হয়ে ওঠে। আল্লাহ সুবহানাহু ওয়া তাআলা আমাদেরকে রমযানের সাক্ষাৎ লাভের তাওফিক দান করুন এবং সর্বোত্তমভাবে এর ফায়দা অর্জনের সুযোগ করে দিন।

اللَّهُمَّ بَلِّغْنَا رَمَضَانَ، اللَّهُمَّ بَلِّغْنَا رَمَضَانَ، اللَّهُمَّ بَلِّغْنَا رَمَضَانَ.
أَقُولُ قَوْلِي هَذَا وَأَسْتَغْفِرُ اللَّهَ الْعَظِيمَ لِي وَلَكُمْ، فَاسْتَغْفِرُوهُ إِنَّهُ هُوَ الْغَفُورُ
الرَّحِيمُ.

Second Sermon

الْحَمْدُ لِلَّهِ حَمْدًا كَثِيرًا كَمَا أَمَرَ، وَأَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ، وَأَشْهَدُ أَنَّ سَيِّدَنَا مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ. اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِهِ وَأَصْحَابِهِ أَجْمَعِينَ. أَمَا بَعْدُ، فَيَا عِبَادَ اللَّهِ، اتَّقُوا اللَّهَ تَعَالَى فِيمَا أَمَرَ، وَانْتَهُوا عَمَّا نَهَى عَنْهُ وَزَجَرَ.

أَلَا صَلُّوا وَسَلِّمُوا عَلَى النَّبِيِّ الْمُصْطَفَى، فَقَدْ أَمَرَنَا اللَّهُ بِذَلِكَ حَيْثُ قَالَ فِي كِتَابِهِ الْعَزِيزِ: إِنَّ اللَّهَ وَمَلَائِكَتَهُ يُصَلُّونَ عَلَى النَّبِيِّ يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا صَلُّوا عَلَيْهِ وَسَلِّمُوا تَسْلِيمًا. اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ وَبَارِكْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ.

وَارِضَ اللَّهُمَّ عَنِ الْخُلَفَاءِ الرَّاشِدِينَ الْمُهَدِّينَ سَادَاتِنَا أَبِي بَكْرٍ وَعُمَرَ وَعُثْمَانَ وَعَلِيٍّ، وَعَنْ بَقِيَّةِ الصَّحَابَةِ وَالْقُرَابَةِ وَالتَّابِعِينَ، وَتَابِعِي التَّابِعِينَ، وَعَنَّا مَعَهُمْ وَفِيهِمْ بِرَحْمَتِكَ يَا رَحِيمَ الرَّاحِمِينَ.

اللَّهُمَّ اغْفِرْ لِلْمُؤْمِنِينَ وَالْمُؤْمِنَاتِ، وَالْمُسْلِمِينَ وَالْمُسْلِمَاتِ، الْأَحْيَاءِ مِنْهُمْ وَالْأَمْوَاتِ. اللَّهُمَّ ادْفَعْ عَنَّا الْبَلَاءَ وَالْوَبَاءَ وَالرُّلَازِلَ وَالْمِحْنَ، مَا ظَهَرَ مِنْهَا وَمَا بَطَنَ، عَنِ بَلَدِنَا خَاصَّةً، وَسَائِرِ الْبُلْدَانِ عَامَّةً، يَا رَبَّ الْعَالَمِينَ. اللَّهُمَّ أَنْصُرْ إِخْوَانَنَا الْمُسْتَضْعَفِينَ فِي عَزَّةٍ وَفِي فِلِسْطِينَ وَفِي كُلِّ مَكَانٍ عَامَّةً، يَا رَحِيمَ الرَّاحِمِينَ. اللَّهُمَّ بَدِّلْ خَوْفَهُمْ أَمْنًا، وَحُزْنَهم فَرَحًا، وَهَمَّهُمْ فَرَجًا، يَا رَبَّ الْعَالَمِينَ. اللَّهُمَّ اكْتُبِ السَّلَامَ وَالْأَمْنَ وَالْأَمَانَ لِلْعَالَمِ كُلِّهِ

وَلِلنَّاسِ أَجْمَعِينَ. رَبَّنَا آتِنَا فِي الدُّنْيَا حَسَنَةً، وَفِي الآخِرَةِ حَسَنَةً، وَقِنَا عَذَابَ
النَّارِ.

عِبَادَ اللَّهِ، إِنَّ اللَّهَ يُأْمُرُ بِالْعَدْلِ وَالْإِحْسَانِ وَإِيتَاءِ ذِي الْقُرْبَى، وَيَنْهَى عَنِ
الْفَحْشَاءِ وَالْمُنْكَرِ وَالْبَغْيِ، يَعِظُكُمْ لَعَلَّكُمْ تَذَكَّرُونَ، فَادْكُرُوا اللَّهَ الْعَظِيمَ
يَذْكُرْكُمْ، وَاشْكُرُوهُ عَلَى نِعَمِهِ يَزِدْكُمْ، وَاسْأَلُوهُ مِنْ فَضْلِهِ يُعْطِكُمْ، وَلَا تَكْفُرْ
اللَّهُ أَكْبَرُ، وَاللَّهُ يَعْلَمُ مَا تَصْنَعُونَ.